



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৯.১১.২০২৪

প্রেস রিলিজ

বিশ্বসেরা ২% গবেষকের তালিকায় পাবপ্রবি'র অধ্যাপক নূর আলম

বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় টানা তৃতীয়বারের মতো স্থান পেয়েছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. নূর আলম। যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান এলসেভিয়ার সম্প্রতি যৌথভাবে এ তালিকা প্রকাশ করেছে।

ড. মো. নূর আলম পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে অধ্যাপক হিসেবে কর্মরত আছেন। তিনি বিশ্বের বিভিন্ন আন্ডারজাতিক এক্সিবিশন ও কনফারেন্সে বেস্ট পেপার অ্যাওয়ার্ড ও স্বর্ণপদকে ভূষিত হয়েছেন। বর্তমানে তিনি নিজেকে আরও সমৃদ্ধ করার জন্য বিভিন্ন গবেষণা কাজে নিয়োজিত করছেন।

ড. নূর আলম বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি (অনার্স) এবং মাস্টার্স পাশ করার পর পরই পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগদান করি। মাস্টার্সের থিসিস করার সময় থেকেই মূলত আমার গবেষণার প্রতি আগ্রহ বাড়তে থাকে। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে যোগদান করার পর আমার প্রধান লক্ষ্য হয়ে দাঁড়ায়, শিক্ষাদান করা এবং বাকিটা সময় গবেষণা করা।

তিনি আরও বলেন, পর পর তিনবার বিশ্বসেরা গবেষকদের তালিকায় স্থান পাওয়ায়, আমি খুবই আনন্দিত এবং গর্বিত। আমি মনে করি, এ অর্জন আমাদের পাবপ্রবি পরিবারের। আশা করি আমার এ অর্জনে অনেকে অনুপ্রাণিত হবে এবং গবেষণার মাধ্যমে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যাবে।

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।